REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 04-11-2026
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

(১) রাজ্যে পুর নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য আজ পর্যন্ত মোট ৩৯৭ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন।

(২) অগ্নিবীরদের কর্মমেয়াদ আরও দু'বছর বাড়ানোর সিদ্ধান্তে অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভা।

(৩) কেন্দ্রীয় কৃষি প্রতিমন্ত্রী রামনাথ ঠাকুর গোমতি জেলায় 'ক্ষেত বাঁচাও অভিযান' কর্মসূচিতে অংশ নেন।

(৪) রঞ্জি ট্রফিতে ঘরের মাঠে জয়ের পথে ত্রিপুরা।

****

Nomination :

রাজ্যে ২১টি পুর সংস্থার নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য আজ পর্যন্ত মোট ৩৯৭ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। এর মধ্যে সিপিআই(এম)-এর ২৫১ জন, জাতীয় কংগ্রেসের ৯১ জন, বিজেপি'র ২৮ জন, তিপরা মথার ৭ জন এবং অন্যান্য দলের ২০ জন প্রার্থী রয়েছেন।

রাজ্য নির্বাচন কমিশনের সর্বশেষ তথ্য অনুযায়ী এখন পর্যন্ত সবচেয়ে বেশি প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন উদয়পুর পুর পরিষদে। সেখানে মোট ৬৪ জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন। এর মধ্যে সিপিআই(এম)-এর ২৩ জন, বিজেপি ২৩ জন, জাতীয় কংগ্রেসের ১৫ জন, তিপরা মথার ১ জন এবং অন্যান্য দলের ২ জন। দ্বিতীয় স্থানে রয়েছে আগরতলা পুর নিগম। সেখানে মোট ৫৪ জন প্রার্থীর মনোনয়ন জমা পড়েছে। এর মধ্যে সিপিআই(এম)-এর ৪৩ জন ও অন্যান্য ১১ জন।

খোয়াই পুর পরিষদে ২১ জন প্রার্থীর মনোনয়ন জমা পড়েছে। তাঁদের মধ্যে সিপিআই(এম)-এর ১৫ জন এবং জাতীয় কংগ্রেসের ৬ জন।

কৈলাসহর পুর পরিষদে মোট ২০ জন প্রার্থীর মনোনয়ন জমা পড়েছে। এর মধ্যে সিপিআই(এম)-এর ১৮ জন ও অন্যান্য ২ জন।

বিশালগড় পুর পরিষদে ২০ জন প্রার্থীর মধ্যে সিপিআই(এম)-এর ১১ জন এবং জাতীয় কংগ্রেসের ৯ জন রয়েছেন।

বিলোনিয়া পুর পরিষদে মোট ১৯ জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন। এর মধ্যে সিপিআই(এম)-এর ১৫ জন এবং অন্যান্য দলের ৪ জন।

সোনামুড়া নগর পঞ্চায়েতে সিপিআই(এম)-এর ১৭ জন এবং বিশ্রামগঞ্জ নগর পঞ্চায়েতে ২৫ জনের মধ্যে সিপিআই(এম)-এর ১১ জন ও জাতীয় কংগ্রেসের ৮ জন, তিপরা মথা ৬ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন।

তাছাড়া আমবাসা পুর পরিষদে সিপিআই(এম)-এর ১৫ জন, কুমারঘাট পুর পরিষদে ১৯ জনের মধ্যে সিপিআই(এম)-এর ৮ জন ও জাতীয় কংগ্রেসের ১১ জন এবং অমরপুর নগর পঞ্চায়েতে ২৩ জনের মধ্যে সিপিআই(এম)-এর ১৩ জন, জাতীয় কংগ্রেস ১০ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। মেলাঘরে সিপিআই(এম)-এর ১৩ জন এবং তেলিয়ামুড়ায় সিপিআই(এম)-এর ৯ জন ও জাতীয় কংগ্রেসের ৩ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন।

পানিসাগর নগর পঞ্চায়েতে সিপিআই(এম)-এর ৮ জন, জাতীয় কংগ্রেসের ৬ জন প্রার্থী, সাব্রুম নগর পঞ্চায়েতে সিপিআই(এম)-এর ৯ জন ও জাতীয় কংগ্রেসের ৩ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন।

তাছাড়া মোহনপুর পুর পরিষদে বিজেপি'র ৫ জন প্রার্থী এখন পর্যন্ত মনোনয়ন জমা দিয়েছেন।

তবে কমলপুর নগর পঞ্চায়েত, শান্তিরবাজার পুর পরিষদ, রানিরবাজার পুর পরিষদ এবং জিরানিয়া নগর পঞ্চায়েত এখনো পর্যন্ত কোনও প্রার্থী মনোনয়নপত্র জমা দেননি।

****

Congress-Candidate :

আগরতলা পুরনিগম নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে আজ ৫১টি ওয়ার্ডের মধ্যে ৪৯টি ওয়ার্ডে প্রার্থীদের নাম ঘোষণা করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে প্রার্থী তালিকা ঘোষণা করেন প্রদেশ সভাপতি আশীষ কুমার সাহা ও বিধায়ক সুদীপ রায় বর্মণ। তারা জানান, আগরতলা পুর নিগমের ৩০ এবং ৩৫ নম্বর ওয়ার্ডে প্রার্থীদের নাম পরবর্তী সময়ে ঘোষণা করা হবে।

****

State Level MSME :

মুক্ত বাণিজ্য চুক্তির সুবিধা সদ্ব্যবহারের লক্ষ্যে রাজ্যস্তরের আউটরিচ প্রোগ্রাম আজ আগরতলার প্রজ্ঞাভবনে অনুষ্ঠিত হয়। ভারত সরকারের বাণিজ্য বিভাগ, কলকাতাস্থিত আঞ্চলিক ডিজিএফটি অফিসের উদ্যোগে ও ত্রিপুরা সরকারের শিল্প বাণিজ্য দপ্তরের সহযোগিতায় অনুষ্ঠিত হয় 'মুক্ত বাণিজ্য চুক্তি'র সদ্ব্যবহার' শীর্ষক রাজ্যস্তরের সচেতনতা ও প্রচার কর্মসূচী।

এই কর্মসূচিতে কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রকের যুগ্ম সচিব সি. ভনলালরামসাঙ্গা বলেন, নতুন প্রজন্মের মুক্ত বাণিজ্য চুক্তির সদ্ব্যবহার করে রপ্তানিমুখী প্রবৃদ্ধিতে উত্তর-পূর্বাঞ্চলে নেতৃত্ব দিতে প্রস্তুত ত্রিপুরা।

তিনি বলেন, আন্তর্জাতিক বাজারের সীমান্তবর্তী ত্রিপুরার ভৌগোলিক অবস্থানের কারণে স্থানীয় পণ্যগুলোকে আন্তর্জাতিক বাজারে পৌঁছে দেওয়ার ক্ষেত্রে রাজ্যটির একটি বিশেষ সুবিধা রয়েছে। এর মাধ্যমে উৎপাদক, কারিগর এবং কৃষকরা তাদের পণ্যের আরও বেশি মূল্য পেতে পারেন। ত্রিপুরায় প্রায় ৩ লক্ষ ৭০ হাজার এম.এস.এম.ই'র একটি শক্তিশালী ভিত্তি রয়েছে। বিগত অর্থবছরে ত্রিপুরা প্রায় ১৫ মিলিয়ন মার্কিন ডলার মূল্যের পণ্য রপ্তানি করে একটি শক্তিশালী আন্তর্জাতিক বাণিজ্যে সাফল্য প্রদর্শন করেছে। বক্তব্য রাখেন শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে।

****

Agniveer Extension :

অগ্নিবীরদের কর্মমেয়াদ আরও দু'বছর বাড়ানোর সিদ্ধান্তে অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভা। এর ফলে চার বছরের মেয়াদ শেষে অব্যাহতি পাওয়ার কথা ছিল, এমন ৭৫ শতাংশ অগ্নিবীর অতিরিক্ত দু'বছর সশস্ত্র বাহিনীতে কাজের সুযোগ পাবেন। এই মেয়াদ শেষে নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ এবং ইচ্ছুক অগ্নিবীরদের নিয়মিত বাহিনীতে অন্তর্ভুক্ত করা হবে।

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেন, শারীরিকভাবে সক্ষম, প্রযুক্তিসম্পন্ন ও ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত তরুণদের নিয়ে সেনাবাহিনী গড়ে তোলাই এই সিদ্ধান্তের উদ্দেশ্য। যুদ্ধক্ষেত্রের পরিবর্তনশীল পরিস্থিতির সঙ্গে সামঞ্জস্য রেখে সেনাবাহিনীকে প্রস্তুত করার ক্ষেত্রেও এই পদক্ষেপ সহায়ক হবে বলে তিনি উল্লেখ করেন।

আজ নয়াদিল্লিতে মন্ত্রিসভার বৈঠকের পর চিফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল এন এস রাজা সুব্রহ্মণী জানান, অগ্নিবীরদের প্রথম ব্যাচের চার বছরের মেয়াদ প্রায় শেষ। গত চার বছরের কর্মদক্ষতার মূল্যায়নে সেনাবাহিনী তাঁদের কাজের বিষয়ে ইতিবাচক প্রতিক্রিয়া পেয়েছে। মেধার ভিত্তিতে ২৫ শতাংশ অগ্নিবীরকে নিয়মিত বাহিনীতে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত রয়েছে।

****

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে। ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল

অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****

Central Minister :

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ প্রতিমন্ত্রী রামনাথ ঠাকুর আজ গোমতি জেলার ছাতারিয়া গ্রাম পঞ্চায়েত এলাকায় 'ক্ষেত বাঁচাও অভিযান' কর্মসূচিতে অংশ নেন। গাছের চারা রোপণের মাধ্যমে তিনি কর্মসূচির সূচনা করেন এবং সেখানে বিভিন্ন কৃষি প্রদর্শনী স্টল পরিদর্শন করেন। তিনি কৃষিজমি পরিদর্শন করে কৃষকদের সঙ্গে মতবিনিময় করেন। সমতল হদ্রার কৃষিজমিতে কালী খাসা-সহ উন্নত প্রজাতির ধান চাষ পরিদর্শন করেন।

এর আগে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী 'পূর্বোত্তর সম্পর্ক সেতু' কর্মসূচি নিয়ে উদয়পুর সার্কিট হাউসে অনুষ্ঠিত পর্যালোচনা বৈঠকে পৌরহিত্য করেন। গোমতী জেলায় বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের বাস্তবায়নের কাজের অগ্রগতি নিয়ে বিস্তারিত খোঁজখবর নেন। বৈঠকে তিনি ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ার লক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সংকল্প বাস্তবায়নে প্রতিটি দপ্তরকে সমান গুরুত্ব দিয়ে কাজ করার আহ্বান জানান।

নির্ধারিত সময়ের মধ্যে উন্নয়নমূলক কাজ শেষ করার ওপর গুরুত্ব আরোপ করে তিনি আগামী ১৫ দিনের মধ্যে বিভিন্ন প্রকল্পে কাজের অগ্রগতি ও বাস্তব পরিস্থিতি নিয়ে বিস্তারিত রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেন।

পর্যালোচনা বৈঠকে গত ১০ থেকে ১২ বছরে গোমতী জেলায় আর্থসামাজিক ক্ষেত্রে কী ধরনের পরিবর্তন হয়েছে, তা নিয়ে বিভিন্ন দপ্তরের আধিকারিকদের কাছ থেকে তথ্য সংগ্রহ করেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী। ফসল

উৎপাদন, সরকারি প্রকল্পের সুবিধাভোগী কৃষকের সংখ্যা, প্রাকৃতিক পদ্ধতিতে চাষের প্রসার এবং কৃষকদের পোর্টালে নথিভুক্তির বিষয়েও খোঁজ নেন তিনি। পাশাপাশি কৃষকদের জমি, জলসেচ ও উন্নত বীজ সংক্রান্ত সমস্যাগুলি চিহ্নিত করে দ্রুত সমাধানের উদ্যোগ নিতে কৃষি দপ্তরকে নির্দেশ দেন।

তাছাড়া তিনি সমাজকল্যাণ দপ্তরের অধীনে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির পরিকাঠামো, পুষ্টিকর খাবার ও পরিচ্ছন্নতার পরিবেশ, প্রধানমন্ত্রী আবাস যোজনা, পি.এম.জি.এস.ওয়াই, পশুপালন, মৎস্য, জনজাতি কল্যাণ ও গ্রামোন্নয়ন দপ্তরের বিভিন্ন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা করেন।

গোমতী জেলায় দুধের চাহিদা ও উৎপাদনের ব্যবধান, দুধ উৎপাদন বৃদ্ধির সম্ভাবনা নিয়েও আলোচনা হয়। উপস্থিত ছিলেন বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়া বিভিন্ন জনপ্রতিনিধি ও জেলা প্রশাসনের পদস্থ আধিকারিকগণ।

****

POCSO Court :

শিশুদের বিরুদ্ধে ধর্ষণ ও যৌন অপরাধ সংক্রান্ত মামলার দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ফাস্ট ট্র্যাক স্পেশাল কোর্ট প্রকল্পের মেয়াদ আরও পাঁচ বছর বাড়ানোর অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভা। ২০২৬ সালের পয়লা এপ্রিল থেকে ২০৩১ সালের ৩১শে মার্চ পর্যন্ত এই প্রকল্প চালু থাকবে। এর জন্য ৩ হাজার ৭৮৮ কোটি টাকারও বেশি বরাদ্দ করা হয়েছে, যার মধ্যে কেন্দ্রের অংশ নির্ভয়া তহবিল থেকে দেওয়া হবে।

প্রকল্পের আওতায় বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে এক্সক্লুসিভ পকসো আদালতসহ মোট ৮৫০টি বিশেষ আদালত চালানোর ব্যবস্থা রয়েছে। এই আদালতগুলিতে বিচারক, বিশেষ সরকারি আইনজীবী এবং সহায়ক কর্মী নিয়োগ করা হবে।

এই প্রকল্পের ফলে ধর্ষণ ও পকসো আইনের অধীনে বিচারাধীন মামলাগুলির দ্রুত নিষ্পত্তি হবে এবং নির্যাতিতরা সময়মতো ন্যায়বিচার পাবেন বলে আশা করা হচ্ছে।

****

Ranji Trophy :

রঞ্জি ট্রফির খেলায় সৌরাষ্ট্রের বিরুদ্ধে সরাসরি জয়ের পথে ত্রিপুরা। এম বি বি ষ্টেডিয়ামে আজ তৃতীয় দিনের খেলায় রাজ্যদল দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে সবকটি উইকেট হারিয়ে ১৯১ রান করে। দলের পক্ষে শ্রীদাম পাল ৫০ রান করেন। ৩৪১ রানে পিছিয়ে থেকে সৌরাষ্ট্র দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ৭ উইকেট হারিয়ে ১৩১ রান করেছে।

****

Weather :

আগামী ২৪ ঘন্টায় আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। ভোরের দিকে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩.২ ডিগ্রী সেলসিয়াস।

****